শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-২৮

**তারিখ:** ২৬ চৈত্র ১৪২৯ / ০৯ এপ্রিল ২০২৩

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের এপ্রিল ২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ১৭-৪-২০২৩ খ্রিঃ তারিখ রোজ- সোমবার, সকাল ১০:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

**স্বাক্ষরিত**
**(মোঃ শাহরিয়ার নজির)**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**মুখ্য নির্বাহী কর্মকর্তা**
**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

**বিতরণ :কার্যার্থে :**

১। ..............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ................................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ....................................................................... ।

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-২৮

**তারিখ:** ২৬ চৈত্র ১৪২৯ / ০৯ এপ্রিল ২০২৩

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

০৯/০৪/২৩

**(মোঃ শাহরিয়ার নজির)**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**মুখ্য নির্বাহী কর্মকর্তা**
**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

০৯-৪-২৩

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস এপ্রিল ২০২৩

উপস্থিত উপদেষ্টা মন্ডলী :

১. জনাব হাফিজ উদ্দীন আহমেদ
মাননীয় জাতীয় সংসদ সদস্য-৩ ঠাকুরগাঁও-৩ →
২. জনাব মো: ইকরামুল হক, মেয়র, পৌরসভা →
৩. জনাব সুকুমার রায়, ভাইস চেয়ারম্যান, উ: প: →
৪. জনাব ভারতী রানী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান, উ: প: →

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের স্বাক্ষর :

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ. পি. →

২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ. পি. →

৩. চেয়ারম্যান ৩ নং খনগাঁও ইউ. পি. →

৪. চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ. পি. →

৫. চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ. পি. →

৬. চেয়ারম্যান ৭ নং হাজীপুর ইউ. পি. →

৭. চেয়ারম্যান ৮ নং দৌলতপুর ইউ. পি. →

৮. চেয়ারম্যান ৯ নং সেনগাঁও ইউ. পি. →

৯. চেয়ারম্যান ১০ নং জাবরহাট ইউ. পি. →

১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ. পি. →

তারিখ: ১৭-৪-২০২৫ খ্রি: ৪৫

সময়: ১০-০০ টা।

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যদের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | মো: ফজলুল মোহাম্মদ, SUFO | (স্বাক্ষর) |
| ২। | মো: জাহিদুল ইসলাম, উপজেলা নির্বাচন অফিসার | (স্বাক্ষর) |
| ৩। | মো: রণজিত চন্দ্র সিংহ, ULO | (স্বাক্ষর) |
| ৪। | মো: হাবিবুল ইসলাম, UEO | (স্বাক্ষর) |
| ০৫ | মো: মোস্তাফিজুর রহমান – FPI | (স্বাক্ষর) |
| ০৬। | আলমগীর মো: রুহুল ইসলাম – উপসহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | (স্বাক্ষর) ২৮.০৪.২৫ |
| ০৭/ | মো: আব্দুল জলিল আকন্দ – উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। | (স্বাক্ষর) |
| ০৮ | মো: জিয়াউল হক শাহ – উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | (স্বাক্ষর) |
| ০৯/ | মো: রাকিব হোসেন (ইউএলএও) | (স্বাক্ষর) |
| ১০/ | মো: মেহেদী হাসান, উপ-সহঃ প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রঃ | (স্বাক্ষর) |
| ১১। | মো: আরিফুল্লাহ, USEO, পীরগঞ্জ | (স্বাক্ষর) |
| ১২। | মোছা. ফারহানা পারভীন, সহ. পরিদর্শক – উ. সমবায় অফিস, পীর | (স্বাক্ষর) |
| ১৩। | ~~রেবতী রানী রায়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা~~ | |
| ১৪। | মো: মো: আব্দুর রহমান হোসেন, RMO, UHC, পীরগঞ্জ | (স্বাক্ষর) |
| ১৫। | মো: সাইদুর রহমান, UAO, পীরগঞ্জ | (স্বাক্ষর) |
| ১৬। | মো: আবু সাঈদ, UE, পীরগঞ্জ | Md. Sayeed |
| ১৭। | এম, এম, জসীম উদ্দিন, UDF-UGDP | (স্বাক্ষর) |

| ক্রমিক | নাম ও পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- |
| ১৮. | মোছা: মুন্নি আক্তার তথ্যসেবা কর্মকর্তা, তথ্যকেন্দ্র মীর্জাগঞ্জ [illegible] | ২১.০৪.২৫ |
| ১৯. | মোছা: জিন্নাতারা ইয়াছমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | 18.04.25 |
| ২০. | এম এম রফিকুল ইসলাম, উপজেলা সমবায় অফিসার | ২০.৪.২৫ |
| ২১. | মো: [illegible] [illegible], [illegible] | |
| ২২. | রুম্মন ইসলাম, এ.জি.এম. পল্লী বিদ্যুৎ [illegible] | |
| ২৩. | মো. নাহিদ হাসান, SI, উপজেলা পরিসংখ্যান অফিস, 01716-073274 | N.Hasan |
| ২৪. | মো: মজিবর রহমান, ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ | |

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও এপ্রিল ২০২৩ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

তারিখ ঃ ১৭-৪-২০২৩ খ্রিঃ

সময় ঃ সকাল ১০:০০ টা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, পরিশিষ্ট - 'খ'- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বাংলা নববর্ষ ১৪৩০ এর শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং পবিত্র ঈদ উল ফিতরের আগাম শুভেচ্ছা জ্ঞাপন করেন। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি ৩য় ও ৪র্থ কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। ইউনিয়ন চেয়ারম্যানগণকে নীতিমালা অনুযায়ী খাতওয়ারী প্রকল্প দাখিলের জন্য অনুরোধ জানান। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এডিবি'র ৩য় ও ৪র্থ কিস্তিতে খাতওয়ারী প্রকল্প গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৫১০ জন, বহি: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৫,২৪৮ জন, অন্ত: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,০২৫ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৭৪ টি, সিজারিয়ান অপারেশন হয়েছে ০০ টি, মৃত জন্ম ০০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ২৫১ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১৪১ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৭ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে সভায় জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিস্কার পরিচ্ছন্নতা, ডাক্তার, নার্স, হাসপাতাল চত্ত্বর দালালমুক্ত রাখার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ ও পর্যাপ্ত ঔষধ সরবরাহ, রোগীদের মানসম্মত খাদ্য পরিবেশনে সচেষ্ট হতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ। |

<table>
<tr>
<td>০৩</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</td>
<td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ<br>(১) সক্ষম দম্পতি- ৫০,৩৮২ জন, (২) মোট গ্রহণকারী- ৩৯,৬৯৫ জন, (৩) খাবার বড়ি - ২২,৩৯৩ জন (৪) কনডম- ১,৯০৯ জন (৫) ইনজেকটেবল (ভায়াল)- ৮১২০ (৬) আইইউডি- ১৯ (৭) ইমপ্ল্যানন- ৭২ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০২ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০৩ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৫,৭৩৫ জন (১১) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৮.৭৯% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)।</td>
<td>শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td>
<td>১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ।<br>২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>উপজেলা কৃষি বিভাগ</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>ফসলের নাম</th><th>লক্ষমাত্রা (হেঃ)</th><th>অর্জিত (হেঃ)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>আউশ</td><td>৮,৪০০</td><td>৫,৯৫০</td><td>চলমান</td></tr>
<tr><td>২</td><td>ভূট্টা</td><td>১,৫৬০</td><td>১,৭৫০</td><td>চলমান</td></tr>
<tr><td>৩</td><td>পাট</td><td>১,৩৫০</td><td>৬১০</td><td>চলমান</td></tr>
<tr><td>৪</td><td>মুগডাল</td><td>২৪৫</td><td>৪০</td><td>চলমান</td></tr>
</table>
তিনি আরও জানান, চলতি বোরো মৌসুমে ব্লাষ্ট রোগ প্রতিরোধে উঠান বৈঠক/দলীয় আলোচনা/লিফলেট বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ইতিমধ্যে প্রায় ৫,০০০ হাজার লিফলেট বিতরণ করা হয়েছে। বোরো ধান ক্ষেতে হিটওয়েভ হতে রক্ষার জন্য কৃষকদের জমিতে পানি ধরে রাখার পরামর্শ প্রদান করা হচ্ছে। ২০২২-২৩ খ্রিঃ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে আউশ প্রণোদনা প্রায় ৯,০০০ জন, ৩৩ শতক জমির জন্য ০৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার পাবেন এবং ১,০০০ জন পাট চাষী ০১ কেজি করে বীজ পাবেন। ইতি মধ্যে প্রণোদনা আউশ বীজ বিতরণ শেষ হয়েছে। বিএডিসি হতে পাট বীজ প্রাপ্তি সাপেক্ষে বীজ বিতরণ করা হবে। বর্তমানে চাষীর নামের তালিকার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td>
<td>১) সার সুপারিশ কার্ড দ্রুত বিতরণ শেষ করতে হবে।<br>২) সার ডিলার নিয়োগ এ সপ্তাহে ও সারের Arival সকলের নিকট Availeble করতে হবে।<br>৩) MOP সার ডিলার পর্যায়ে নিয়ে যাওয়া ও বীজের Arival ও বিক্রয় রেকর্ড রাখতে হবে।</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>১। গবাদি পশুর চিকিৎসা = ৪,০৮৫ টি<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা = ২৩,২০৭ টি<br>৩। গবাদি পশুর টিকা প্রদান = ১১,৮২০ টি<br>৪। হাঁস- মুরগীর টিকা প্রদান = ২,৭৭,৪০০ টি<br>৫। কৃত্রিম প্রজনন = ১১,৫২৬ টি<br>৬। খামারী প্রশিক্ষণ = ৬০ জন<br>৭। উঠান বৈঠক = ০৪ টি<br>৮। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প প্রদান = ০১<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন = ০৪ টি।</td>
<td>প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধি করতে হবে এবং নিয়মিতভাবে কৃমিনাশক ও ভ্যাক্সিনেশন ক্যাম্পেইন পরিচালনা করতে হবে।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মার্চ/২৩ খ্রিঃ ও এপ্রিল/২৩ খ্রিঃ মাসে ৩৮ জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০৭ জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। টাংগন নদীর জলজ জীববৈচিত্র্য (Aquatic Biodiversity), বাস্তুতন্ত্র (Ecosystem) ও মাছ রক্ষার্থে সাগুনি রাবার ড্যাম ব্যবহারের সময় (সেচ কাজে) নদীর ভাটি অঞ্চলে (Down Stream) পানি ধারক স্তরের নিরাপদ সীমা (Standard Water Mark) বজায় রাখতে হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | টাংগন নদীর জলজ জীববৈচিত্র্য, বাস্তুতন্ত্র ও মাছ রক্ষার্থে সাগুনি রাবার ড্যাম পানি ধারক স্তরের নিরাপদ সীমা বজায় রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩ সালের ৬ষ্ঠ থেকে ১১শ শ্রেণি পর্যন্ত অনলাইনে আবেদকৃত ছাত্র-ছাত্রীদের উপবৃত্তিতে অর্ন্তভূক্ত করার জন্য প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট প্রেরণ করা হয়েছে। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৩ আগামী ০৪-৫-২০২৩ খ্রিঃ তারিখ বেলা ৯.০০ টায় জেলা পর্যায়ে (ঠাকুরগাঁও জিলা স্কুলে) অনুষ্ঠিত হবে। "Dissemination of New Curriculum" শীর্ষক স্কিমের আওতায় মাধ্যমিক ও দাখিল পর্যায়ে সকল প্রধান শিক্ষক ও সুপারগণের ০৪ (চার) দিন ব্যাপী প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আসন্ন এস.এস.সি পরীক্ষা যেন খুব সুন্দর ও সুষ্ঠ পরিবেশে অনুষ্ঠিত হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সম্মানিত চেয়ারম্যান ৫ নং সৈয়দপুর ইউনিয়ন পীরগঞ্জ, ঠাকুরগাঁও এর দৃষ্টি আকর্ষণ করে জানান যে, হরিটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে পানি জমে। বিদ্যালয়টির মাঠে মাটি ভরাট করা প্রয়োজন। এ ব্যপারে চেয়ারম্যান মহোদয় বলেন ৪০ দিনের কর্মসূচী হতে বিদ্যালয়টির মাঠে মাটি ভরাট যেতে পারে, তবে আশেপাশে বর্তমানে কোথাও মাটি পাওয়া যাবে না। পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া যাবে। ইহা ছাড়াও বড়গড়গাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ স্থানীয় মানুষের পুকুরে ভেঙ্গে যাচ্ছে। ইহা রক্ষা করা প্রয়োজন। এডিপি ফান্ড হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | হরিটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে মাটি ভরাট করতে ৪০ দিনের কর্মসূচি হতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং বড়গড়গাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠটি রক্ষার্থে এডিপি ফান্ড হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ২) উপজেলা প্রকৌশলী ৩) ইউ.পি. চেয়ারম্যান (সংশ্লিষ্ট), পীরগঞ্জ। |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের ৩য় কিস্তির পেরোল প্রদান করা হয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণের নিকট প্রকৃত ভিক্ষুকদের নামের তালিকা চাওয়া হয়। অফিসে প্রয়োজনীয় জনবল নাথাকায় ভিক্ষুক জরীপ কার্যক্রমে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা চাওয়া হয়। সামাজিক নিরাপত্তা কার্যক্রমে মৃত ভাতাভোগীদের স্থলে দ্রুত প্রতিস্থাপনের অনুরোধ জানান। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ভিক্ষুক পূর্ণবাসনের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত শেষ করতে হবে। | ১) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ২) ইউ.পি. চেয়ারম্যান (সকল), পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | **পুলিশ বিভাগ** | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা সভায় জানান যে, মোট রুজুকৃত মামলা ৩২ টি। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | অপরাধ প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে এবং জনসচেতনতা বাড়াতে হবে। | **অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ ।** |
| ১১ | **উপজেলা খাদ্য বিভাগ** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**পীরগঞ্জ ঃ**<br>চাল বোরো (সংগৃহীত) ২০২২-২৩: ১০৯৬.৬০৭ মে:টন, আমন ২৪৫৭.০৯০ মে:টন, সর্বমোট ৩৫৫৩.৬৯৭ মে: টন, গম বিদেশি ১২৭.৬৪১ মে:টন ও সর্বমোট খালি বস্তা ৩৩,৪৩৩ খানা।<br>**ভোমরাদহ ঃ**<br>চাল বোরো (সংগৃহীত) ২০২২-২৩: ৪৪৭.৭৫৩ মে:টন, আমন ২৭৩.৬০০ মে:টন, সর্বমোট ৭২১.৩৫৩ মে:টন ও সর্বমোট খালি বস্তা ১৩,৩৩৬ খানা। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ।** |
| ১২ | **উপজেলা ত্রাণ বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৩ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>০১। **ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম ঃ** এই কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী মোট ২৫৫৮ জন এপ্রিল/২০২৩ মাসের ডিও প্রদান করা হয়েছে এবং খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে।<br>০৪। **মা ও শিশু সহায়তা তহবিল ঃ** পূর্বের (দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি ও ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি এর ভাতাভোগী ১০৭০ জন। বর্তমানে এপ্রিল/২০২৩ পর্যন্ত ১০৭০ জন উপকারভোগীর ডাটাএন্ট্রি সম্পন্ন হয়েছে।<br>**০৪। মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) ঃ** ২০২২-২০২৩ অর্থ বছরে **এপ্রিল/২০২৩** হতে **জুন/২০২৩** পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদ সেলাই/ দর্জিবিজ্ঞান ট্রেডে ১০ (দশ) জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>০৫। **"উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ" (আইজি-এ) প্রকল্প ঃ** এই প্রকল্পের আওতায় **"ফ্যাশন ডিজাইন"** ট্রেডে **২৫ জন "ক্রিষ্টাল শো-পিচ ও ডেকোরেটেড কেন্ডেল মেকিং (মোমবাতি) ট্রেডে "** ২৫ জন সর্বমোট ৫০ (পঞ্চাশ) জন প্রশিক্ষণার্থীর ১৮ তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে।<br>০৬। অত্র উপজেলায় ১১টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান । এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১) সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২) জাতীয় আইনগত সহায়তা ও উপজেলা লিগ্যাল এইড বিষয়ক জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপঃ সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ০৬ টি ৪ তলা ভিত্তির এবং ০২ টি ২ তলা ভিত্তির মোট ০৮ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চার তলা ভিত্তি বিশিষ্ট দুইতলা WASH BLOCK নির্মাণ কাজ চলমান। আশ্রয়ন-২ প্রকল্পের গৃহসমূহে ২য় ধাপে নলকূপ স্থাপনের কাজ সমাপ্ত। এ পর্যন্ত নির্মিত ১,৫০৩ টি গৃহের বিপরীতে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প থেকে ৩৩ টি ও মুজিব-১০০ প্রকল্প থেকে ৩৫+১০০+৪১ টি = ১৭৬ টি সহ মোট ২০৯ টি নলকূপ স্থাপন করা হয়েছে। আশ্রয়ন - ২ প্রকল্পের আবাসনের চাহিদাকৃত ১৬৪ টি নলকূপের মধ্য হতে ২০ টির স্থাপন কাজ চলমান । এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | আশ্রয়ণ ৩য় পর্যায়ে বোডিং এর জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সহযোগিতা করবেন এবং দরবগাজী আরভিআই পাইপ ওয়াটার স্কীমের আওতায় ৬ শতাংশ জায়গার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | ১) সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা,<br>২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৫ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৩০টি। ইতি মধ্যে ২০২০-২০২১ সালের বার্ষিক আডিট সম্পন্ন হয়েছে ১৩০ টি। বিগত মাসে ৬৫ টি বর্তমান মাসে ১৪ টি মোট ৭৬ টি সমিতি অডিট সম্পন্ন হয়েছে।<br>এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ-২ পকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত = ১৪,৮৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় নাই। মোট আসল আদায় ৯৭৮২১০/- টাকা এবং সার্ভির্স চার্জ ৭৮৩৯০/- টাকা। বর্তমান মাসে আদায় নাই। অনাদায়ী টাকা আদায়ের জোড় প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৬৫% । | নতুন সমবায় নিবন্ধনের জন্য সমবায় অফিসে প্রাপ্ত আবেদন সংখ্যা এবং তার প্রেক্ষিতে নিবন্ধনকৃত আবেদনের সংখ্যা এবং পুরাতন সমিতিগুলোর অডিট বিষয়ক আপডেট তথ্য নিয়মিতভাবে সভায় অবহিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>চলতি আদায়ের হার — ৯৮%<br>চলতি অর্থ বছরের আদায় — ২৪৭৬৪৮০/-<br>ক্রমপুঞ্জিত আদায় — ১৫৪৪৭৭২৮৪/-<br>চলতি অর্থ বছরে ঋণ বিতরন — ২০৫৮০০০/-<br>চলতি অর্থ বছরে ঋণির সংখ্যা — ৯৩ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরন — ১৫৯৮৫১৫০০/-<br>ক্রমপুঞ্জিত ঋণির সংখ্যা — ২৯৪৬৬ জন<br>চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত — ১৫০ জন<br>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত — ৯৪১৩ জন<br>চলতি অর্থ বছরে আত্নকর্মি — ৩৩ জন<br>ক্রমপুঞ্জিত আত্নকর্মি — ৪৭০৬ জন<br>এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৭ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>১। ১৪ ( চৌদ্দ) টি অস্থায়ী ফসলের হিসাব নিরুপন ।<br>২। ০৫ (পাঁচ) টি স্থায়ী ফসলের হিসাব নিরুপন ।<br>৩। সমগ্র উপজেলায় ১০ জন কৃষক অথবা কৃষি দিনমজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে মাসিক কৃষি দিনমজুরের হার নিরুপন ।<br>৪। গম ফসল এর মূল্য ও উৎপাদন খরচ জরিপ।<br>৫। শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরণ সম্পর্কে আলোচনা ।<br>দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | নীতিমালা অনুযায়ী শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরণ করতে হবে। | ১) উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,<br>২) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |

<table>
<tr><td>১৮</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভুত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভুত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভুত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫১.৩৭</td><td>-</td><td>১২১.৩৬</td><td>১৩৯.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৬১.৪৮</td><td>৪২,০০০/-</td><td>৪৭.২৮</td><td>৪৪.৩২</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>৩১,০০০/-</td><td>২২.৪৮</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৩৮.৬৬</td><td>৭৩,০০০/-</td><td>১৯৭.৩৯</td><td>২০২.৬৩</td><td>৯১%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>প্রশিক্ষণ শুরু করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা বন বিভাগ</td><td>উপজেলা বিট বন কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলার বিভিন্ন ইউনিয়ন এলাকায় প্রায় ১৬ টি লাইসেন্সবিহীন করাত কল রয়েছে। এ সকল করাত কল মালিকগণকে অবৈধভাবে স্থাপিত করাত কলের লাইসেন্স করার জন্য বারবার তাগিদ দেওয়া হলেও, তারা অবৈধ করাত কলের লাইসেন্স করছেন না। ফলে, প্রশাসনিক জটিলতা সৃষ্টি হচ্ছে। এ ব্যাপারে লক্ষণীয় যে, অবৈধভাবে স্থাপিত করাত কলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য বারবার তাগিদ রয়েছে। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>এসএফপিসি, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২০</td><td>উপজেলা বরেন্দ্র বিভাগ</td><td>উপজেলা সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে বোরো মৌসুম চলমান এবং এই বোরো মৌসুমে মোট ২৬৫ টি সেচযন্ত্র মাঠে ব্যবহার হচ্ছে। এর মধ্যে গভীর নলকুপ ২১৩ টি, বিদ্যুৎ চালিত এলএলপি ৩৭ টি এবং সোলার এলএলপি ১৫ টি। বিএমডিএ এর সেচের আওতায় প্রায় ৮৩৫৮ হেক্টর বোরো এবং প্রায় ৩২২৩ হেক্টর জমিতে অন্যান্য ফসল রয়েছে। উপকারভোগী কৃষক পরিবার রয়েছে প্রায় ১০৫২০ টি। সর্বপরি বিএমডিএ, পীরগঞ্জ উপজেলা পরিচালিত সেচ ব্যবস্থাপনা পরিস্থিতি স্বাভাবিক এবং সন্তোষজনক রয়েছে। সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় আরও জানান যে, “বৃহত্তর দিনাজপুর ও জয়পুরহাট জেলায় সেচ সম্প্রসারণ প্রকল্পের আওতায় সোনাকুড়ি বিলের পানি নিস্কাশন কার্যক্রম প্রায় ৮০% কাজ সম্পন্ন হয়েছে এবং বালিয়াজান খাল খনন ৭০% সম্পন্ন হয়েছে। এছাড়াও কদমতলী মৎস্য অভয়াশ্রম এর খনন কাজে ঠিকাদার নিয়োগ হয়েছে এবং দ্রুতই কাজ শুরু হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>পাম্প হতে পানি নেওয়ার সঠিক সময় রাত ১১ টা হতে সকাল ০৭ টা পর্যন্ত। এই বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>১) সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা,<br>২) ইউ.পি. চেয়ারম্যান (সকল), পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২১</td><td>উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২২</td><td>উপজেলা নির্বাচন বিভাগ</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা 'র প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি'র প্রতিনিধি সভায় জানান যে, তীব্র তাপদাহে সেচ মৌসুম এবং পবিত্র রমজান মাস চলমান থাকায় বিদ্যুতের চাহিদা ব্যাপক বৃদ্ধি পাওয়ায় এবং চাহিদা অনুযায়ী বিশ্ব জ্বালানী সংকটের কারণে বিদ্যুৎ উৎপাদন চাহিদার তুলনায় কম হওয়ায় মাঝে মাঝে লোড শেডিং হচ্ছে। এ বিষয়ে সকলকে আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানান। কালবৈশাখী ঝড় বাতাসে বিদ্যুৎ লাইনের উপর গাছপালা ভেঙ্গে পড়লে দ্রুত পল্লী বিদ্যুৎ অফিসে যোগাযোগ করার জন্য সকলকে অনুরোধ জানান। পীরগঞ্জ-২ উপকেন্দ্রের ৩৩ কেভি লাইন সঞ্চালন অর্থাৎ চালু করণের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বকেয়া বিদ্যুৎ বিল আদায় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |
| ২৪ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয় | সহঃ প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী প্রোগ্রামার, পীরগঞ্জ। |
| ২৫ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | ইউডিএফ সভায় জানান যে, উপজেলা পরিষদ আইন ২০০৯ অনুয়ায়ী পীরগঞ্জ উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ বার্ষিক বাজেট ৩১ মে মাসের মধ্যে প্রণয়ন করার আইনগত বাধ্যবাধকতা রয়েছে। তাই, উপজেলা পরিষদের বার্ষিক বাজেট প্রণয়নের জন্য অনুরোধ জানান। বিস্তারিত আলোচনান্তে মে ২০২৩ খ্রিঃ মাসের ১ম সপ্তাহে বাজেট প্রণয়নের বিষয়ে সংশ্লিষ্ট সকলে একমত পোষণ করেন। | উপজেলা পরিষদ আইন ২০০৯ অনুয়ায়ী পীরগঞ্জ উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ বার্ষিক বাজেট মে ২০২৩ খ্রিঃ মাসের ১ম সপ্তাহে বাজেট প্রণয়নের সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা পরিষদ, পীরগঞ্জ। |
| ২৬ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন পীরগঞ্জ ঠাকুরগাঁও জানান যে, গত মাসে পীরগঞ্জ উপজেলায় মোট আগুনের সংখ্যা-১৯ টি আনুমানিক ক্ষতির পরিমান-২,৫০,০০০/-, আনুমানিক উদ্ধারের পরিমান-৭,৬০,০০০/-। মোট দূর্ঘটনা-০৭ টি, মোট আহত-০৯ জন, নিহত নাই। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনা হচ্ছে। | আগুন প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পীরগঞ্জ। |
| ২৭ | তথ্যসেবা কেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, পীরগঞ্জ। |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, বাংলা নববর্ষ ১৪৩০ এর শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং পবিত্র ঈদ উল ফিতরের আগাম শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, বাংলা নববর্ষ ১৪৩০ এর শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং পবিত্র ঈদ উল ফিতরের আগাম শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, বাংলা নববর্ষ ১৪৩০ এর শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং পবিত্র ঈদ উল ফিতরের আগাম শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারী বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ আখতারুল ইসলাম)**
**চেয়ারম্যান**
**উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-৩০(৫০)

তারিখঃ ০৪ বৈশাখ ১৪৩০
১৭ এপ্রিল ২০২৩

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা........................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,........................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,..................................................।

১৭/০৪/২৩

**(মোঃ শাহরিয়ার নজির)**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**মুখ্য নির্বাহী কর্মকর্তা**
**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**